



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

অভিভাবকদের প্রতি সিটি মেয়র নাছির
ফল খারাপ করলে সুপারিশ নয় সন্তানদের
পড়াশুনার খোঁজখবর রাখবেন

চট্টগ্রাম- ১৭ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, প্রত্যেক অভিভাবকেরই তাদের সন্তানদের পড়াশুনা ও সার্বিক বিষয়ে তদারকি ও খোঁজ খবর রাখা উচিত। ভাল ফলাফলের জন্য শুধুমাত্র শিক্ষা প্রতিষ্ঠানই যথেষ্ট নয়, এর জন্য শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে হৃদয়তাপূর্ণ সম্পর্ক ও প্রনোদনা প্রয়োজন। প্রাথমিক শিক্ষা হচ্ছে শিক্ষার ভিত্তি। এ স্তরে একজন শিক্ষার্থীকে মানবিক গুণসম্পন্ন মানুষ হিসেবে গড়ে তোলা গেলে উচ্চ শিক্ষা ও জীবনের প্রতিটি স্তরে সফলকাম হওয়া যাবে। তিনি আজ শনিবার সকালে কাপাসগোলা সিটি কর্পোরেশন কলেজ ও বালিকা উচ্চ বিদ্যালয়ের মাঠে কাপাসগোলা বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি লোকমান হাকিম মো. ইব্রাহিমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চসিক কাউন্সিলর সাইয়েদ গোলাম হায়দার মিন্টু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আঞ্জুমান আরা বেগম, রাজনীতিক মঞ্জুর হোসাইন, জেলা ক্রীড়া সংস্থার যুগ্ম সম্পাদক নজরুল ইসলাম লেদু, আবদুর রহমান, কোতোয়ালী থানার ভারপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা শর্মিষ্ঠা মজুমদার, কোতোয়ালী থানার রিসোর্স সেন্টারের ইন্সপেক্টর আবুল মনসুর। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রঞ্জনা সেন, বিদ্যালয়ের অভিভাবক কমিটির সভাপতি আমিনুল হক রঞ্জু, বিদ্যালয় কল্যাণ কমিটির সভাপতি আবুল খায়ের মনসুর, সদস্য কায়সার আহমেদ, দেলোয়ার ফরহাদ, আমিনুর রহমান, এস এম দেলোয়ার হোসেন, জয়নাব বেগম, মোবাম্মেদ বেগম, ও শামিম আরা বেগম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র আরো বলেন, কিছু অভিভাবক আছেন পরীক্ষায় খারাপ ফলাফল করার পরও সন্তানকে পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ করে দেয়ার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও জনপ্রতিনিধি হিসেবে আমার কাছে এসে সুপারিশ ও তদবির করেন। যা কোন ভাবে কাম্য নয়। এতে একজন শিক্ষার্থীর কাছে পরবর্তী শ্রেণির পড়াশুনাগুলো বোঝা মনে হয় এবং সে অমনযোগী হওয়ার যথেষ্ট সুযোগ থাকে। তিনি প্রত্যেক অভিভাবককে সন্তানদের ভার্চুয়াল জগৎ সম্পর্কে খোঁজখবর রাখতে বলেন। যাতে ছাত্র-

ছাত্রীরা ইন্টারনেট ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে অপসংস্কৃতি ও সন্ত্রাসী কর্মকাণ্ডের সাথে যুক্ত না হয়। তিনি পিইসি পরীক্ষায় কাপাসগোলা বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের আশানুরূপ সাফল্যে প্রশংসা করেন এবং আগামীতে জেএসসি পরীক্ষায় আরো ভালো করবেন বলে প্রত্যাশা করেন। পূর্বাঙ্কে কাপাসগোলা সিটি কর্পোরেশন কলেজ ও বালিকা উচ্চ বিদ্যালয়ের মাঠে বিদ্যালয়ের বার্ষিক মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। মাহফিল পরিচালনা করেন কাপাসগোলা জামে মসজিদের পেশ ইমাম নেছার উদ্দিন আহমদ। পরে দেশ ও জাতির সমৃদ্ধি কামনা করে বিশেষ মুনাযাত করা হয়।

**ডিসি রোডে সমাজ কমিটির অভিষেকে মেয়র
সমাজ কমিটিতে মতপার্থক্য ভুলে
সবাইকে সম্পৃক্ত করতে হবে**

চট্টগ্রাম- ১৭ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

ডিসি রোড পশ্চিম বাকলিয়া চাঁন্দমিয়া মুন্সি লেন সমাজ কমিটির অভিষেক অনুষ্ঠান গত শুক্রবার সন্ধ্যায় ডিসি রোড গণী কলোনী মাঠে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নবগঠিত কমিটির সদস্যদের শপথ গ্রহণ করান সিটি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। কমিটির সভাপতি হাজী মো. ইলিয়াসের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন রাজনীতিক সোলায়মান আলম শেঠ, সফর আলী, আলহাজ্ব এম শফিকুল ইসলাম, মো. শহিদুল আলম, আবদুল লতিফ টিপু, পশ্চিম বাকলিয়া ওয়ার্ডের কাউন্সিলর এ কে এম জাফরুল ইসলাম, মো. মুছা (এমএ), দিদারুল আলম দিদার, মঞ্জুর আলম, আবুল হোসেন, সৈয়দ মো. মুছা, আবুল কালাম আজাদ, আবদুর রহিম, তারেক সুলতান, এ এম মহিউদ্দিন, হাজী মো. ইসমাইল, এ এম তৌহিদুল ইসলাম, এড. মোস্তাফা নাজিম উদ্দিন, শফিউল ইসলাম শামীম, কামাল আহমদ প্রমুখ। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, একটি সমাজে বিভিন্ন শ্রেণি পেশা ও ধর্মাবলম্বী মানুষ বসবাস করেন। তাদের মধ্যে বিভিন্ন বিষয়ে মতপার্থক্য ও ভিন্নতা থাকতে পারে। কিন্তু এলাকার সমাজ কমিটিতে রাজনৈতিক মতপার্থক্যের উর্ধ্বে উঠে সবাইকে সম্পৃক্ত করতে হবে। না হয় সমাজ তথা দেশের শান্তি শৃংখলা ও উন্নয়ন কর্মকাণ্ডকে এগিয়ে নিতে মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদকে মোকাবেলা করা যাবে না। তাই সকলের ঐক্যবদ্ধ প্রয়াসের মাধ্যমে মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদকে সামাজিক ভাবে প্রতিহত করতে হবে। পরে ২১ সদস্য বিশিষ্ট কমিটি ঘোষণা করা হয়। নব গঠিত কমিটির সভাপতি করা হয়েছে হাজী মোহাম্মদ ইলিয়াছকে ও সাধারণ সম্পাদক করা হয়েছে হাজী মোহাম্মদ ইসমাইলকে।

অমর একুশ উপলক্ষে চসিকের

চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত

চট্টগ্রাম- ১৭ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত অমর একুশে উপলক্ষে আজ শনিবার সকালে নগরীর মুসলিম ইনস্টিটিউট হল প্রাঙ্গণে শিশু-কিশোরদের অংশ গ্রহণে এক চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশ গ্রহণ করে। এতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উপ-সচিব ও সমাজ কল্যাণ কর্মকর্তা আশেক রসুল চৌধুরী টিপু ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। আগামী ২১ ফেব্রুয়ারি প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হবে।

সংবাদদাতা

(আফিয়া আখতার)

নির্বাহী ম্যাজিস্ট্রেট ও

ভারপ্রাপ্ত জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।